

ST. PETER'S INTER SCHOOL

Sanjua, Bakhrahat, South 24 Pgs.

Worksheet

Class - III Subject - Bengali

Date : 22.02.24

Name _____ Roll No. _____

বোধ পরীক্ষণ

একটা সাগরের ব্যাঙ একদিন সাগরের তীরে বেড়াচ্ছিল। বেড়াতে বেড়াতে সে কুয়োর কাছে এসে উপস্থিত হল আর কুয়োর মতো পড়ে গেল। কুয়োর ব্যাঙ ভাবল বুঝি একটা মস্ত শিকার পড়েছে। লাফ দিয়ে যেমনি সে শিকারের ওপর পড়ল, সে দেখে ওমা! এ যে তারই মতো আর একটা ব্যাঙ। ভয়ে সে তিন হাত দূরে লাফিয়ে পড়ল। সম্মান বাঁচাবার জন্য বাইরে এবুপ ভান করলে, যেন সে সাগরের ব্যাঙকে গ্রাহ্যই করেনি।

জন্মের পর থেকে কুয়োর ব্যাঙ আর অন্য কোনো ব্যাঙ দেখেনি। নতুন ব্যাঙটা তার মতো কালো নয়, তার গায়ে আবার নানা রং বেরং দেখে অবাক হয়ে গেল আর বেশ একটুখানি ভয়ও পেল। সাগরের ব্যাঙ কিন্তু চুপ করে মজা দেখতে লাগল। সাগরের ব্যাঙ দেখে কুয়োর ব্যাঙ মনে মনে অশান্তি বোধ করতে লাগল।

— কুয়োর ব্যাঙ / স্বামী বিবেকানন্দ।

প্রশ্ন :

১। শূন্যস্থান পূরণ করো :

জন্মের পর থেকে _____ ব্যাঙ আর অন্য কোনো _____ দেখেনি। নতুন ব্যাঙটা তার মতো _____ নয়। তার _____ আবার _____ দেখে অবাক হয়ে গেল আর বেশ একটুখানি _____ পেল।

২। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :

- সাগরের ব্যাঙ কোথায় পড়ে গিয়েছিল?
- সেখানে কী ছিল?
- সে কী করল?
- কুয়োর ব্যাঙের গায়ের রং কেমন?
- সাগরের ব্যাঙের গা দেখতে কেমন?
- কুয়োর ব্যাঙ ভয় পেয়েছিল কেন?